

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়  
জামালপুর গণপূর্ত বিভাগ  
জামালপুর।  
ফোন-০২৯৯-৭৭৭২৪১৭  
E-mail: ee\_jmlpr@pwd.gov.bd

## “প্রকাশ্য/স্পট নিলাম বিজ্ঞপ্তি”

নিলাম বিজ্ঞপ্তি নং-০১/২০২৩-২০২৪

স্মারক নং-২৫.৩৬.৩৯০০.২২০.২০২৩/৬২৬

তারিখ-০২/০২/২০২৪


এতদ্বারা সর্ব সাধারণকে জানানো যাচ্ছে যে, জামালপুর গণপূর্ত বিভাগের অধীন জামালপুর জেলা সার্কিট হাউজের নির্মাণ প্রকল্পে মাস্টারপ্ল্যান অনুযায়ী উহার লে-আউটে পতীত পুরাতন/জুরাজীর্ণ/ব্যবহার অনুপযোগী স্থাপনা ও প্রাপ্ত মালামাল সমূহ প্রকাশ্যে/ স্পট নিলামে বিক্রয় করা হবে।


নিলাম জরিপ বিবরণী নংঃ জামালপুর গণপূর্ত বিভাগের স্মারক নং-২৫.৩৬.৩৯০০.১৬৪.২৩/২১৫, তারিখ- ০৯/০৮/২৩ খ্রিঃ  
জরিপ বিবরণী অনুমোদনের নম্বর ও তারিখঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিকল্পনা -৪ এর স্মারক নং-০৫.০০.০০০০.২৪১.১৪.০১২.১৮-১৬৪, তারিখ- ২১/০৯/২০২৩ খ্রিঃ


স্পট নিলামের অবস্থান	পরিমাণ (আনুমানিক)	নিলামের স্থান, তারিখ ও সময়
জামালপুর জেলা সার্কিট হাউজ প্রাঙ্গন।	(১) সেমিপাকা পুলিশ সেডসহ লিংক করিডোর (২) ১ তলা পাঁকা বিল্ডিং ও (৩) গ্যারেজ হতে প্রাপ্ত মালামাল (ইট, দরজা-জানালা কাঠ, এম.এস গ্রীল, রড, টিন, সি.আই সিট, রোলিং স্টার ইত্যাদি)।	স্থান : জামালপুর জেলা সার্কিট হাউজ প্রাঙ্গন। তারিখ : ০৯/০১/২০২৩ খ্রিঃ (মঙ্গলবার)। সময় : সকাল ১১.০০ ঘটিকা।

শর্তাবলিঃ

- ০১। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি/গণপূর্ত বিভাগ, জামালপুর এর তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান অফিস চলাকালীন বিস্তারিত তথ্য জনাব এফ. এম আশ্রাফুল আউয়াল রানা, উপ-বিভাগীয় প্রকৌশলী, জামালপুর গণপূর্ত উপবিভাগ, জামালপুরের দপ্তর হতে নিলামের বিস্তারিত তথ্য জেনে নিতে পারবেন এবং অফিস চলাকালীন সকাল- ৯.০০ ঘটিকা হতে বিকাল- ৪.০০ ঘটিকা পর্যন্ত সরেজমিনে পরিদর্শন পূর্বক স্থাপনা ও প্রাপ্ত মালামাল সমূহ নিজ খরচে দেখে নিতে পারবেন। নিলামের পর নিলাম ডাকে অংশগ্রহণকারীগণের এ বিষয়ে কোনরূপ আপত্তি গ্রহণ করা হবে না।
- ০২। নিলাম ডাকে অংশগ্রহণকারীকে নিলামস্থানে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি ও ১.৫০.০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা (ফেরতযোগ্য) জমা দিয়ে নিলামে অংশ গ্রহণ করতে হবে।
- ০৩। গণপূর্ত বিভাগ, জামালপুর এর অনুমোদন সাপেক্ষে যার ডাক অস্থায়ীভাবে গৃহীত হবে। সর্বোচ্চ নিলামকারীকে নিলামের সমুদয় অর্থ এককালীন ডাকস্থলে পরিশোধ করতে হবে। এছাড়াও সরকার নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।
- ০৪। যে কোন সিদ্ধান্ত, নিলাম ডাক গ্রহণ বা নাকচ করার সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ০৫। নিলাম ডাক গৃহীত হওয়ার তারিখ হতে ০৭ (সাত) দিনের মধ্যে অবশ্যই নিলামকৃত মালামাল নিজ খরচে সরিয়ে নিতে হবে। অন্যথায় নিলামকৃত মালামাল পুনরায় নিলামে বিক্রয় করা হবে এবং জমাকৃত টাকা গণপূর্ত বিভাগ, জামালপুর বরাবরে বাজেয়াপ্ত করা হবে।
- ০৬। গণপূর্ত বিভাগ, জামালপুর কর্তৃক নিলাম ডাক অনুমোদন না হলে সর্বোচ্চ ডাককারী তার জমাকৃত টাকা ফেরত পাবেন।
- ০৭। সার্কিট হাউজ একটি কেপিআই স্থাপনা। তাই স্থাপনা ও প্রাপ্ত মালামাল সমূহ অপসারণে জেলা প্রশাসন, জামালপুর ও গণপূর্ত বিভাগ, জামালপুর এর সাথে আলোচনা করতে হবে। যে কোন পরিস্থিতিতে জেলা প্রশাসন, জামালপুর ও গণপূর্ত বিভাগ, জামালপুর এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

  
০২/০২/২০২৪.  
জয়েল আহম্মেদ  
উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)  
গণপূর্ত বিভাগ, জামালপুর।

  
০২/০২/২৪  
(মোঃ শরীফুল আলম)  
সহকারী প্রকৌশলী  
জামালপুর গণপূর্ত বিভাগ  
জামালপুর।

  
০২/০২/২৪  
(মোঃ জাকির হোসেন)  
নির্বাহী প্রকৌশলী  
জামালপুর গণপূর্ত বিভাগ  
জামালপুর।